গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়**
সিলেট বিভাগ, জেল রোড, বন্দর বাজার, সিলেট।
www.prison.sylhetdiv.gov.bd

স্মারক নং- ৫৮.০৪.৯১০০.০৬৬.০১.০০১.২০২৫-১০৮০ (৬)

তারিখ: ০২ বৈশাখ ১৪৩২ / ১৫ এপ্রিল ২০২৫

**বিষয় : ডোপটেস্ট সংক্রান্ত সতর্কীকরণ ও কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র : কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০৪৩.০৩.০১০.২০২৫-৬১২, তারিখ: ১৯.১২.২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মাদক বিশেষজ্ঞদের মতে কোন ব্যক্তি মাদক সেবন করলে ডোপটেস্টে তা পরবর্তী তিন মাস পর্যন্ত তার শরীরে এ সংক্রান্ত পরীক্ষার রিপোর্টে পজেটিভ পাওয়া যায়। সিলেট বিভাগস্থ কারাগারগুলোতে ইতোমধ্যে মাদক সংক্রান্ত বিষয়ে রোলকল, দরবার ও জুম মিটিং এ বহুবার সচেতন করা হয়েছে। তথাপি মাদক সংক্রান্ত অভিযোগে বেশ কয়েকজনকে বিভাগীয় মামলায় বিভিন্ন মেয়াদের শাস্তির পাশাপাশি চাকরিচ্যুতও করা হয়েছে। কিন্তু তা ছিল সবগুলোই ম্যানুয়ালী, অনুমান ও সাক্ষ্য-প্রমাণ ভিত্তিক। মাদক সংক্রান্ত বিষয়ে কারা কর্তৃপক্ষ পূর্ব থেকেই জিরো টলারেন্স নীতিতে বিশ্বাসী এবং তা কার্যকরের জন্য বহুবিধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে সরকার আরো এক ধাপ এগিয়ে মাদক সংক্রান্ত বিধিমালা, ২০২৪ এর ৬(ক) মোতাবেক সন্দেহভাজন ব্যক্তিকে ডোপটেস্ট করে আইনের আওতায় আনারও নির্দেশনা দিয়েছেন।

২। কারাগারের প্রয়োজনে ডোপটেস্টের কার্যক্রমকে গতিশীল করতে সিলেট মেডিকেল কলেজ হাসপাতালের পাশাপাশি, সিলেট মাদক অধিদপ্তরের ডোপটেস্টের ল্যাবরেটরি ব্যবহারের নির্দেশনা রয়েছে। পূর্ব থেকে কারাগারের কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মাদক সংক্রান্ত সচেতনতা ও সনাক্তকরণ কমিটিও রয়েছে। আপনার কারাগারে কোন কর্মকর্তা-কর্মচারী মাদক সংক্রান্ত কোনো অভিযোগ বা সন্দেহ থাকলে স্থানীয় কমিটি ছাড়াও গোয়েন্দা সংস্থাগুলোর সহযোগিতা নিয়ে পরবর্তী কার্যক্রমের জন্য তাদের নামের তালিকা অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৫/৪/২০২৫

**মো: ছগির মিয়া**
কারা উপ মহাপরিদর্শক
সিলেট বিভাগ, সিলেট।
digsyldiv@prison.gov.bd

১। **সিনিয়র জেল সুপার**
সিলেট কেন্দ্রীয় কারাগার, বন্দরবাজার/বাদাঘাট।

২। **জেল সুপার**
জেলা কারাগার, হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে :**

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

CamScanner